ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)
কুমিল্লা শাখা।
অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক

**বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স জাকির হোসেন নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের স্বত্তাধিকারী জনাব মোঃ জাকির হোসেন, পিতা-আয়ুব আলী, মাতা- আবিদা খাতুন, স্থায়ী ঠিকানাঃ হোল্ডিং ৪৪৬/৩৯৮(খ),মমন্ত, বাদুরতলা, ১ম কান্দিরপাড়, ঝাউতলা (দক্ষিণ), ডাকঘর- কুমিল্লা-৩৫০০,আদর্শ সদর, কুমিল্লা কর্তৃক ইউসিবি, কুমিল্লা শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্নিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিষ্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিষ্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২৬-০৮-২০১৮ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা ওয়ার্ক অর্ডার ফাইন্যান্স লোন বাবদ মোট=১৩,৯২,০২,২৮৪.৩৫ টাকা এবং আরনেষ্ট মানি ফাইন্যান্স লোন বাবদ মোট=৭৫,৮৫,৪৯০.৭১ টাকা; সর্বমোট ১৪,৬৭,৮৭,৭৭৫.০৬ (চৌদ্দ কোটি সাতষট্টি লক্ষ সাতাশি হাজার সাতশত পঁচাত্তর টাকা ছয় পয়সা) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/ প্যাডে স্থায়ী ঠিকানাসহ পুর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পুর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিলঃ

১. জেলা-কুমিল্লা, থানাঃ কোতয়ালী, মৌজা-কান্দিরপাড়, রায়তি খতিয়ান নং-৩০ আর.এস খতিয়ান নং-৩২২, খারিজ খতিয়ান নং-২২৭০ ও ২৬৩০, বি.এস খতিয়ান নং- ৩৪১১ ও ৩৪১২ আর.এস দাগ নং-৬৯৭, বি.এস দাগ নং-৩১৫৮, জমির পরিমাণ**- ০৮ শতাংশ যাহার চৌহদ্দী উত্তরে- রোকেয়া বেগম ও গং, দক্ষিণে- চিত্ত রঞ্জন, পুর্বে- বিজয় কুমার ও গং, পশ্চিমে- মধুসদন কর ও গং।**

২. জেলা-কুমিল্লা, থানাঃ কোতয়ালী, মৌজা-ভাটপাড়া, সি. এস খতিয়ান নং-১৮ আর.এস খতিয়ান নং-২৮, বি.এস খতিয়ান নং ২৮৪ খারিজ খতিয়ান নং-২৪৬, সি.এস ও আর.এস দাগ নং-২২২,২১৪, বি.এস দাগ নং-৭৪২, জমির পরিমাণ**- ০৫ শতাংশ যাহার চৌহদ্দী উত্তরে- জনাব আলী হোসেন, দক্ষিণে- কাজি মুনিরুজ্জামান, পুর্বে- রাস্তা, পশ্চিমে- সাজ্জাদ হোসেন ।**

৩. জেলা-কুমিল্লা, থানাঃ সদর দক্ষিণ সাব-রেজিস্ট্রি অফিস- সদর দক্ষিণ মৌজা-দয়াপুর, সি. এস খতিয়ান নং-৫ পি.আর.আর-৭৬, আর.এস খতিয়ান নং-৯, খারিজ খতিয়ান নং-১৬৮,বি.এস.ডিপি-২৩,৬১,১২ সি.এস ও আর.এস দাগ নং-৩২৪/৩, বি.এস দাগ নং-৪৯৮,৪৯৭,৪৯৬ জেএল নং ২৫০,৩৫৯ জমির পরিমাণ**- ৭৩.৫০ শতাংশ যাহার চৌহদ্দী উত্তরে- ঢাকা-চট্টগ্রাম হাইওয়ে, দক্ষিণে- আব্দুল হামিদ ও গং, পুর্বে- রাস্তা, পশ্চিমে- আনোয়ারা বেগম ও গং ।**

৪. জেলা-কুমিল্লা, থানাঃ কোতয়ালী, মৌজা-কান্দিরপাড়, জেএল নং ২৮৫ (সাবেক) ৯৬ (হাল) আর. এস খতিয়ান নং-৩১৯, খারিজ খতিয়ান নং-২৪৬১, বি.এস.খতিয়ান নং৩০৫৭, আর.এস দাগ নং-৬৯৪, বি.এস দাগ নং-৩১৩০, জমির পরিমাণ**- ৩.৮১ শতাংশ যাহার চৌহদ্দী উত্তরে- নালা, দক্ষিণে- রাস্তা, পুর্বে- এড. আবুল ফজল, পশ্চিমে- রাস্তা ।**

৫. জেলা-কুমিল্লা, থানাঃ মুরাদনগর, সাব-রেজিস্ট্রি অফিস- মুরাদনগর কুমিল্লা, মৌজা-সুরানন্দি, জেএল নং ২২৫ (সাবেক) ১৩৮ (হাল) সি. এস খতিয়ান নং-১৫৩,আর. এস.খতিয়ান নং ২২৫,২২৬,২২৭,২৯৬ বি.এস খতিয়ান নং ৫৪৮ খারিজ খতিয়ান নং-৩৪৮, সি.এস দাগ নং-১১৩০,১১৩১,১১৩২,১১৩৩, আর.এস দাগ নং ১১৩০,১১৩১,১১৩২,১১৩৩ বি.এস দাগ নং-১৯০০,১৯০১,১৯০২,১৯০৩ জমির পরিমাণ**- ৫৩ শতাংশ যাহার চৌহদ্দী উত্তরে- খাল, দক্ষিণে- নিজ, পুর্বে- রাস্তা, পশ্চিমে- নিজ ।**

চলমান পাতা-০২

## নিলামের শর্তাবলী

১। আগামী ২০-০৯-২০১৮ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ কুমিল্লা শাখার রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২।প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকার ব্যাংক ড্রাফট বা পে-ওর্ডার জামানত স্বরুপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ কুমিল্লা শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩।অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষ অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্বৃত দর গ্রহীত হইবার পরবর্তী ৬০(ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্থান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিষ্টেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয় সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/ পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভুমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

৬। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যাতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক,ইউসিবি, কুমিল্লা শাখা, কুমিল্লা